

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৭১৩

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৬. দ্বিতীয় অনুচ্ছেদ - মৃত ব্যক্তির দাফনের বর্ণনা

আরবী

وَعَنِ الْبَرَاءِ بْنِ عَازِبِ قَالَ: خَرَجْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي جَنَازَة رجل من الْأَنْصَار فَانْتَهَيْنَا إِلَى الْقَبْر وَلما يُلْحَدْ بَعْدُ فَجَلَسَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مُسْتَقْبِلَ الْقِبْلَةِ وَجَلَسْنَا مَعَهُ. رَوَاهُ أَبُو دَاؤُدَ وَالنَّسَائِيُّ وَابْنُ مَاجَهْ وَزَادَ فِي آخِرِهِ: كن على رؤوسنا الطير

বাংলা

১৭১৩-[২১] বারা ইবনু 'আযিব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে আনসারদের এক ব্যক্তির জানাযার জন্য বের হলাম। আমরা কবরস্থানে পৌঁছে দেখলাম (এখনো কবর তৈরি না হওয়ার কারণে) দাফনের কাজ শুরু হয়নি। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কিবলা (কিবলা/কেবলা)র দিকে মুখ করে বসে গেলেন, আমরাও তাঁর সাথে বসে গেলাম। (আবূ দাউদ, নাসায়ী, ইবনু মাজাহ; ইবনু মাজাহ হাদীসের শেষে বাড়িয়েছেন, অর্থাৎ মনে হচ্ছিল আমাদের মাথার উপর পাখি বসেছে।)[1]

ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ৩২১২, নাসায়ী ২০০১, ইবনু আবী শায়বাহ্ ১১৫২৩, সহীহ আত্ তারগীব ৩৫৫৮, মুসতাদরাক লিল হাকিম ৪১৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীস এ কথার উপর দলীল যে, যে ব্যক্তি জানাযার সালাতের অপেক্ষায় আছে, তার জন্য কিবলামুখী হয়ে বসা মুস্তাহাব। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোন এক আনসারী সাহাবীর জানাযায় গিয়ে ক্ববেরর পাশে কিবলামুখী হয়ে বসলেন এবং সাহাবীরা তার চার পাশে বসলেন।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন